Leicester City Council

Bengali

# চাইল্ড প্রোটেকশন কনফারেন্স

**Child Protection Plan**

# পিতামাতা এবং যত্নকারীদের জন্য একটি নির্দেশিকা

A guide for the parents and Carers

## চাইল্ড প্রোটেকশন কনফারেন্স মানে কি?

চাইল্ড প্রোটেকশন কনফারেন্স হলো এমন একটি বৈঠক, যে বৈঠকে আলোচনা করা হয় কি কি জিনিস ঠিকভাবে কাজ করছে এবং আমরা কি কি নিয়ে চিন্তিত। তারপর সিদ্ধান্ত নেওয়া হয় কি কি করতে হবে।

**কনফারেন্সে একমাত্র যে সিদ্ধান্ত নেওয়া যাবে** সেটি হলো আপনার সন্তানের/সন্তানদেরকে একটি চাইল্ড প্রোটেকশন প্লানের অধীন করা দরকার কি না।

## কনফারেন্সে কে কে থাকবেন?

পিতামাতাদেরকে প্রায় সবসময়ই তাদের সন্তানের/সন্তানদের নিয়ে আয়োজিত 'চাইল্ড প্রোটেকশন কনফারেন্সে' যোগ দেওয়ার আমন্ত্রণ জানানো হয়, এমনকি তারা যদি একসাথে বাসবাস নাও করেন। আপনার সন্তানের সোসাল ওয়ার্কার চাইল্ড প্রোটেকশন কনফারেন্সে উপস্থিত থাকবেনই।

আরো যাদেরকে যোগদানের আমন্ত্রণ জানানো হতে পারে তারা হলেন:

- টিচার (শিক্ষক)
- স্বাস্থ্যকর্মী, যেমন হেলথ ভিজিটর, স্কুল নার্স, জিপি, হাসপাতালের ডাক্তার প্রমুখ।
- পুলিশ
- প্রবেশন বা ইয়ূথ অফেন্ডিং অফিসার
- আপনার সন্তানের জীবনের জন্য গুরুত্বপূর্ণ অন্যান্য ব্যক্তিগণ, যেমন কানেক্সিয়ন্স এডভাইজার, ইয়ূথ ওয়ার্কার, প্রমুখ।

কনফারেন্সে যোগদানের জন্য আমন্ত্রিত প্রত্যেককে রিপোর্ট (প্রতিবেদন) দিতে বলা হবে।

## আমি কি আমার সাথে কাউকে কনফারেন্সে নিয়ে যেতে পারবো?

আপনি চাইলে আপনাকে সাহায্য করার জন্য আপনার সাথে একজন বন্ধু, যিনি আপনার পারিবারিক সাহায্যকারীদের একজন, আত্মীয়স্বজন, বা সলিসিটারকে নিয়ে যেতে পারবেন। তবে তাদের অবশ্যই জানা থাকতে হবে যে, তারা কোনো মতামত দিতে পারবেন না, যদি না তাদের মতামত জানতে চাওয়া হয়।

আপনার যদি একজন দোভাষীর বা সাইনারের প্রয়োজন হয়, তাহলে আপনার সন্তানের সোসাল ওয়ার্কার একজন উপযুক্ত ব্যক্তিকে কনফারেন্সে উপস্থিতি রাখার ব্যবস্থা করবেন।

## আমি যদি উপস্থিত হতে না পারি তাহলে কি হবে?

আমরা সবসময় আমাদের যথাসাধ্য চেষ্টা করি এমন একটি সময়ে কনফারেন্সের ব্যবস্থা করতে যা মা-বাবাদের জন্য সুবিধাজনক হয়, কারণ আপনার মতামত জানা খুবই গুরুত্বপূর্ণ। কনফারেন্সে যোগদানকারী ব্যক্তিরা আপনাকে এবং আপনার সন্তানকে সাহায্য করার জন্য সেখানে উপস্থিত হবেন। তাদের জানা দরকার হবে কি কি করলে আপনাদের জন্য ভাল হবে।

আপনার সন্তানের সোসাল ওয়ার্কার আপনাকে যাওয়াআসায় বা বাচ্চাদের দেখাশোনা করার মতো ব্যবহারিক কাজে সাহায্য করবেন, যাতে আপনি কনফারেন্সে যোগ দিতে পারেন। যদি মনে করেন, আপনি কনফারেন্সে যেতে পারবেন না কারণ এতে আপনার বা আপনার সন্তানদের উপর বিপদের ঝুঁকি বেড়ে যেতে পারে, তাহলে প্রত্যেকেই যাতে নিরাপদে নিজ নিজ মতামত দিতে পারেন সেজন্য উপযুক্ত উপায় আমরা বের করে নেবো। যদি কনফারেন্সে যোগদান করা আপনার জন্য খুব কঠিন হবে মনে করেন, তাহলে কনফারেন্সের ব্যক্তিদেরকে আপনার মতামত জানানোর অন্যান্য উপায় নিয়ে সোসাল ওয়ার্কারের সাথে কথা বলুন।

## চাইল্ড ইন নীড প্ল্যান (ক্ষতির অল্প ঝুঁকিতে থাকা শিশুদের জন্য সাহায্য পরিকল্পনা)

কখনও কখনও চাইল্ড প্রোটেকশন কনফারেন্সের সদস্যরা সিদ্ধান্ত নেবেন যে, আপনার সন্তানের ক্ষতির গুরুতর ঝুঁকি নেই আর তাই আপনার সন্তানের জন্য চাইল্ড প্রোটেকশন প্লানের প্রয়োজন নেই।

তবে তারা মনে করতে পারেন যে, আপনার এবং আপনার পরিবারের কিছু সাহায্য প্রয়োজন, যদিও আপনারা গুরুতর ক্ষতির ঝুঁকিতে নেই। যখন তারা এইরূপ মনে করবেন তখন তারা 'একটি চাইল্ড ইন নীড প্লানের' সুপারিশ করবেন।

## আমি যদি সিদ্ধান্তের সাথে একমত না হই তাহলে কি হবে?

আপনি যদি কনফারেন্সের সিদ্ধান্ত নিয়ে অসন্তুষ্ট হন, তাহলে আপনার আপিল করার অধিকার থাকবে। আপিল কিভাবে করতে হয় সে সম্পর্কে কনফারেন্সের সভাপতি/সভানেত্রী আপনাকে বুঝিয়ে বলবেন। কনফারেন্সটি যেভাবে পরিচালনা করা হয়েছে সে সম্পর্কে বা জড়িত কর্মকর্তাদের আচার-আচরণ সম্পর্কে আপনি যদি অভিযোগ করতে বা মন্তব্য করতে চান, তবে কমপ্লেইন্ট্স এ্যান্ড কমেন্ট্স (Complaints and Comments) নামের একটি তথ্যপত্র চেয়ে নেবেন, যেটিতে রয়েছে অভিযোগ বা মন্তব্য করা সম্পর্কে বিস্তারিত বিবরণ।

## চাইল্ড প্রোটেকশন প্লান

যদি সিদ্ধান্ত নেওয়া হয় যে, একটি চাইল্ড প্রোটেকশন প্লান দরকার, তাহলে সেটিতে বলা থাকবে:

- আপনার সন্তান এবং আপনার পরিবারকে সাহায্য করার জন্য চিলড্রেন্স সোসাল কেয়ারকে সহ, অন্যান্য সংস্থাগুলিকে কি কি করতে হবে।
- পরিস্থিতি উন্নত করার জন্য আপনি এবং আপনার পরিবার কি কি করবেন
- সভাপতি নিশ্চিত করে নেবেন, প্রত্যেকের কাছ থেকে কি কি আশা করা হয়, তা যাতে সকলের জানা থাকে

## কে কে জানবেন যে আমার সন্তান/সন্তানদের জন্য চাইল্ড প্রোটেকশন প্লান করা হয়েছে?

গোপনীয়তা রক্ষা করা খুবই গুরুত্বপূর্ণ। কনফারেন্সের সভাপতি/সভানেত্রী উপস্থিত ব্যক্তিদেরকে এই কথাটি মনে করিয়ে দেবেন। আমর শুধুমাত্র সেই ব্যক্তিদেরকে জানানোর চেষ্টা করি যাদের তা জানা দরকার, যাতে তারা আপনাকে এবং আপনার সন্তান/সন্তানদেরকে সাহায্য করতে পারেন।

**এরপরে কি হবে?**

যদি একটি চাইল্ড প্রোটেকশন প্লান বানানো হয়, তাহলে 'কৌর গ্রুপ' নামে পরিচিত বিভিন্ন সংস্থার ব্যক্তিরা আপনার সাথে একটি কনফারেন্সে বসে নিশ্চিত করে নেবেন পরিকল্পনা অনুযায়ী প্রত্যেকে যাতে নিজ নিজ দায়িত্ব পালন করেন। তাছাড়া আপনার সন্তান/সন্তানরা যাতে নিরাপদ থাকে এবং সঠিক যত্ন পায় সেটাও তারা নিশ্চিত করে নেবেন। তিন মাস পরে আপনার সন্তানের জন্য  চাইল্ড প্রোটেকশন প্লান চালিয়ে যাওয়া দরকার কিনা এবং পরিকল্পনায় কোনো পরিবর্তন আনা দরকার কিনা, তা বিচার বিশ্লেষণ করার জন্য তারা আরেকটি কনফারেন্সে বসবেন।

আপনি উপস্থিত না হলেও আপনাকে কনফারেন্সের লিখিত কার্যবিবরণী দেওয়া হবে। কনফারেন্সের পরে আপনার সোসাল ওয়ার্কার যত তাড়াতাড়ি সম্ভব বৈঠকে নেওয়া সিদ্ধান্ত নিয়ে আপনার সাথে আলোচনা করবেন।

**আমার সন্তান/সন্তারা কি কনফারেন্সে থাকবে?**

কনফারেন্সে অংশগ্রহণ করলে তা আপনার সন্তান/সন্তানদের জন্য উত্তম হবে কিনা, সেটা আপনার সন্তানের/সন্তানদের সোসাল ওয়ার্কার বিবেচনা করবেন। যদি আপনার সন্তান/সন্তানরা উপস্থিত হতে চায় আর আমরা সবাই একমত হই যে তাদের জন্য সেটা ভাল হবে, তবে বৈঠকের পুরো সময় বা কিছু সময় উপস্থিত হওয়ার জন্য তাদেরকে আমন্ত্রণ জানানো যেতে পারে।

**কে কনফারেন্সে সভাপতিত্ব করবেন?**

একজন নিরপেক্ষ ব্যক্তি সভাপতিত্ব করবেন যাকে বলা হয় 'ইন্ডিপেন্ডেন্ট চেয়ারপারসন' I শিশু সুরক্ষা বিষয়ে তদন্তে বা আপনার সন্তানদের ব্যাপারে জড়িত কর্মকর্তাদের ব্যবস্থাপনায় উনার কোনো ধরনের সংযোগ থাকবে না। কনফারেন্সের আগে সভাপতি/সভানেত্রী আপনার সাথে যোগাযোগ করবেন। তিনি আপনাকে বুঝিয়ে বলবেন কনফারেন্সের নিয়ম কানুন। তিনি আপনার যেকোনো প্রশ্নের বা উদ্বেগের উত্তর দেবেন।

**কনফারেন্স কতক্ষণ চলবে?**

কোনো একটি কনফারেন্স কত সময় চলবে, তা বলা কঠিন। তবে প্রথম সম্মেলন (ইনিশিয়েল কনফারেন্স) প্রায় দেড় ঘন্টা থেকে 2 ঘন্টা পর্যন্ত স্থায়ী হতে পারে। চাইল্ড প্রোটেকশন প্লান পর্যালোচনা করার বৈঠক সাধারণত আরো কম সময় স্থায়ী হয়।

**কনফারেন্সের কাজ কিভাবে এগিয়ে চলে?**

চাইল্ড প্রোটেকশন কনফারেন্সের একটি নির্দিষ্ট আলোচ্যসূচী (এজেন্ডা) থাকে, যাতে প্রত্যেকেই নিম্নলিখিত বিষয়গুলো সম্পর্কে স্পষ্টভাবে জানতে পারেন:

- অভিযোগ, ঘটনা বা উদ্বেগ যা তদন্তের কারণ
- তদন্তের অগ্রগতি এবং তদন্তে কি কি পাওয়া গেছে।
- আর কোনো তথ্য যদি থাকে
- বাচ্চার উপর ক্ষতির ঝুঁকির প্রকৃতি বা ধরণ

সভাপতি/সভানেত্রী আপনাকে সহ সবাইকে কথা বলার এবং প্রশ্ন করার সুযোগ দেবেন। আপনার সম্পর্কে যা বলা হবে সে সম্পর্কে আপনার মতামত দেওয়ার সুযোগ আপনাকে দেওয়া হবে। কনফারেন্সে কিছু বিষয় নিয়ে গোপনে আলোচনা করার দরকার হতে পারে। সে সময় আপনাকে এবং আপনার সহায়তাকারীকে রুম থেকে চলে যেতে বলা হবে। সাধারণত সভাপতি/সভানেত্রী আপনাকে আগেই বলবেন, যদি এ ধরনের কোনো কিছু করার সম্ভাবনা থাকে।

**চাইল্ড প্রোটেকশন কনফারেন্সে কি কি সিদ্ধান্ত নেওয়া হতে পারে?**

চাইল্ড প্রোটেকশন কনফারেন্সের সদস্যরা সিদ্ধান্ত নেবেন আপনার সন্তানের/সন্তানদের ক্ষতি হওয়ার গুরুতর ঝুঁকি আছে কিনা এবং তার/তাদের জন্য 'একাধিক সংস্থা ভিত্তিক শিশু সুরক্ষা পরিকল্পনা' অনুসরণ করা উচিত কিনা।

কনফারেন্সের সভাপতি সিদ্ধান্ত নেবেন ক্ষতির ঝুঁকিকে 'শারীরিক নির্যাতনের ঝুঁকি', যৌন নির্যাতনের ঝুঁকি, মানসিক নির্যাতনের ঝুঁকি বা অবহেলা অনাদরের ঝুঁকি হিসাবে বর্ণনা করা উচিত কিনা। যদি সিদ্ধান্ত নেওয়া যে, আপনার সন্তানের জন্য সুরক্ষা পরিকল্পনার প্রয়োজন নেই, তাহলে তাদের মনে হতে পারে যে, আপনাকে এবং আপনার সন্তান/সন্তানদেরকে কিছু বাড়তি সহায়তা দিলে আপনাদের জন্য ভাল হবে, যা 'চাইল্ড ইন নীড প্ল্যান' নামে পরিচিত।

**চাইল্ড প্রোটেকশন প্লান মানে কি?**

চাইল্ড প্রোটেকশন কনফারেন্সের (শিশু সুরক্ষা সম্মেলনের) সদস্যরা যদি সিদ্ধান্ত নেন যে, আপনার সন্তান/সন্তানরা ক্ষতির ঝুঁকিতে রয়েছে, তাহলে তারা একটি সুরক্ষা পরিকল্পনা বানানো শুরু করবেন। এই পরিকল্পনায় নির্দিষ্ট করে বলা হবে আপনার সন্তান/সন্তানদের নিরাপত্তা ও সঠিক যত্ন নিশ্চিত করার জন্য কি কি করা দরকার।

# <u>চাইল্ড প্রোটেকশন প্লানের এজেন্ডা বা আলোচ্যসূচী</u>

- **ভূমিকা, উদ্দেশ্য এবং অনুপস্থিতি**
- **বৈঠকের কারণ**
- **বিপদ সংক্রান্ত বিবৃতি এবং নিরাপত্তা লক্ষ্য**
- **পরিবার পরিজন** (বংশচিত্র সহ)
- **ম্যাপিং (পরিস্থিতির সঠিক চিত্র)**: (আমরা কি নিয়ে চিন্তিত, কি কি ভালভাবে চলছে, নিরাপত্তা এবং জটিল বিষয়াদি)
- **শিশু সুরক্ষা পরিকল্পনা এবং কৌর গ্রুপের কাজের পর্যালোচনা।** *যদি বৈঠকটি পর্যালোচনা বৈঠক হয়।*
- **গোপনীয় বিষয়াদি নিয়ে আলোচনা** *হয় বৈঠকের শুরুতে বা বৈঠক চলাকালে কোনো সময়ে.*
- **স্কেলিং (পরিমাপ)-**
- **এরপর যা হতে হবে**
- **সর্বনিম্ন যা হতে হবে**
- **কখন কি করতে হবে**
- **পরিকল্পনায় কে কে জড়িত থাকবেন**
- **নিরাপত্তা পরিকল্পনা/পরিকল্পনার নিয়মকানুন**
- **বিকল্প পরিকল্পনা**
- **পরিকল্পনার কার্যক্রম রেকর্ডকরণ এবং প্রদর্শন**
- **নিরাপত্তা লক্ষ্য পরিকল্পনা**
- **সিদ্ধান্ত এবং শ্রেণী**
- **কৌর গ্রুপের সদস্যবৃন্দ**
- **পর্যালোচনা বৈঠকের সময়, তারিখ এবং স্থান।**